**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(সমন্বয় ও সংসদ অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৫১.০০.০০০০.২২২.০০৬.০৪.২২-**২১০** তারিখঃ ১২ অক্টোবর ২০২২

**বিষয়ঃ** **মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা গত ১২ সেপ্টেম্বর, ২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

২। উল্লেখ্য যে, সভার সিদ্ধান্তের আলোকে অগ্রগতি প্রতিবেদন **আগামী ১৬ অক্টোবর ২০২২ তারিখের** মধ্যে হার্ডকপি এবং ই-মেইলে সফটকপি (সমন্বয় ও সংসদ) অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তঃ বর্ণনামতে।**

১২.১০.২২
(মোঃ হাবিব উল্যা)
সহকারী সচিব
ফোনঃ০১৭১২-১২৫৮৩৮
dscoordination.dmrd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। অতিরিক্ত সচিব......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, মোটেল রোড, কক্সবাজার।
৪। যুগ্মসচিব.......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
৬। উপসচিব....................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপপ্রধান তথ্য অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব................................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট/প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা। **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১০। সহকারী সচিব-........(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(সমন্বয় ও সংসদ অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ কামরুল হাসান *এনডিসি*
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সময় : সকাল ১০.০০ টা
তারিখ : ১২ সেপ্টেম্বর ২০২২।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপসচিব (সমন্বয় ও সংসদ) সভাপতির অনুমতিক্রমে সভার এজেন্ডা ভিত্তিক বিষয়বস্তু উপস্থাপন করেন।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | আগস্ট/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে সংযোজন/বিয়োজনের কোন প্রস্তাব/সুপারিশ না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। | আগস্ট/২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২ | পেন্ডিং বিষয় সংক্রান্ত | ১. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে জানান যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের পদ আপগ্রেডেশন করা প্রয়োজন। তিনি জানান যে, ১ম শ্রেণির ২০০ জন এবং ২য় শ্রেণির ২৯২ জন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা রয়েছে। সকল ২য় শ্রেণির উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পদ ১ম শ্রেণিতে উন্নিত হওয়া প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১০৭টি পদে জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিধি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>২.দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রেরিত ৪টি পেনশন কেসের প্রস্তাব দ্রুত নিষ্পত্তি করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>৩. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পেন্ডিং ৯টি ডিপি কেস এর বিষয়ে কার্যক্রম চলমান। এর | ১.(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রেরিত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের পদ আপগ্রেডেশন সংক্রান্ত পত্র দ্রুত যাচাই অন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ)নতুন জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগবিধি অনুমোদনের জন্য অর্থবিভাগের অনুসন্ধানের জবাবসহ জরুরিভিত্তিতে প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(গ) সকল পিআইও দের ১ম শ্রেণিতে উন্নীত করার বিষয়ে প্রস্তাব পরীক্ষা নিরীক্ষা করে জরুরি ভিত্তিতে নথি উপস্থাপন করতে হবে।<br>২.দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রেরিত পেনশন কেসসহ সকল পেন্ডিং কেস দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত ( ত্রাণ প্রশাসন)/ আইন অনুবিভাগ/অধিশাখা/ শাখা প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মধ্যে ৩১ আগষ্ট ২০২২ তারিখের ৫১.০০.০০০০.৪১০.১৮.০১০.২১.৩৮৪ স্মারকে একটি ডিপি কেস নিষ্পত্তি করা হয়েছে। আরও একটি ডিপি কেম নিষ্পত্তির চূড়ান্ত পর্যায় রয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৪. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারের পদ সৃষ্টির প্রস্তাব অনুমোদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৫. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সমাপ্ত ECRRP প্রকল্পের সম্পদ সমূহ To&E তে অন্তর্ভুক্ত সংক্রান্ত পত্রটি নিষ্পত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>৬. মন্ত্রণালয় হতে অধিদতরের কোন কর্মকর্তাকে তার বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ছাড়পত্র প্রদান করা হলো মহাপরিচালক, দুব্যঅকে অনুলিপি প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | ৩. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারের পদ সৃষ্টির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>৪. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সমাপ্ত ECRRP প্রকল্পের সম্পদ সমূহ To&E তে অন্তর্ভুক্ত সংক্রান্ত পত্রটি নিষ্পত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫. মন্ত্রণালয় হতে অধিদপ্তর কোন কর্মকর্তাকে তার বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ছাড়পত্র প্রদান করাসহ অন্যান্য কার্যক্রম যেখানে মহাপরিচালক,ডিডিএম এর সংশ্লিষ্টতা আছে সেক্ষেত্রে মহাপরিচালক, দুব্যঅকে অনুলিপি দিতে হবে। | |
| ৩ | প্রশিক্ষণ | ১. প্রশিক্ষণের নতুন মডিউল তৈরি করে সকল অনুবিভাগ হতে প্রশিক্ষণের চাহিদা নিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। প্রশিক্ষণের বাজেট বরাদ্দ হতে ৫০% অর্থ খরচ করা যাবে মর্মে সভায় আলোচনা হয়।<br>২. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>৩. এপিএর সাথে মিল রেখে কর্মকর্তা/ কর্মচারিদের প্রশিক্ষণ দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১. অর্থ ব্যয়ের বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করে জরুরিভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিপিপির সকল প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>৩. এপিএ ইনোভেশন শুদ্ধাচারের কর্মপরিকল্পনার সাথে মিল রেখে কর্মকর্তা/ কর্মচারিদের প্রশিক্ষণ দিতে হবে।<br>৪।বিদেশ ভ্রমণ বিষয়ে ডাটাবেস করতে হবে। | মহাপরিচালক (দুব্যঅ)/অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ)/ পরিচালক,সিপিপি/উপসচিব (প্রশিক্ষণ)/ সংশ্লিষ্ট সকল। |
| ৪ | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত | ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফাপাড থেকে যেসকল আপত্তি দেয়া হয়েছে তার সাথে মন্ত্রণালয়ের অডিট সেলের আপত্তির সংখ্যা ব্যাপক ব্যবধান রয়েছেভ এবিষয়ে সমন্বয় করা আবশ্যক। অনিষ্পন্ন আপত্তি নিষ্পত্তির কার্যাক্রম গ্রহন করা হচ্ছে।<br>২. ১৯৮৫ সাল হতে ২০০৯ সাল পর্যন্ত অবলোপন যোগ্য সে সকল অডিট আপত্তির সংখ্যা, নিষ্পত্তি, অবলোপনের বিষয়ে গঠিত কমিটির ২য় সভায় আলোচনা করে কিছু আপত্তি অবলোপনের জন্য কিছু সূচক নির্ধারণ করা হয়েছে (২০০০ সাল পর্যন্ত, জড়িত ১০,০০০/- টাকা বা ১ মে:টন খাদ্যশস্য, দুদকের নথি জব্দ | ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। দুব্যঅ ও মন্ত্রণালয়ের অডিট সেল কর্তৃক প্রস্তুতকৃত অডিট আপত্তির সংখ্যার মধ্যে ব্যাপক ব্যবধান সমন্বয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের তথ্যাদি/প্রতিবেদন একই হতে হবে।<br>২. সিপিপির ১৭টি অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৪. আরআরআরসির ১৬টি অগ্রিম | মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (প্রশাঃ/সেবা)/ ত্রাণ (অডিট)/ যুগ্মসচিব (অডিট)/ উপসচিব (অডিট) এবং সংশ্লিষ্ট কমিটি/ পরিচালক, (প্রশাসন) সিপিপি/ প্রধান, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং অনিয়ম কিন্তু আত্মসাৎ হয়নি)। এ সকল মানদন্ডের উপর ভিত্তি করে ৩য় হতে ৭ম সভায় বিস্তারিত পর্যালোচনা পূর্বক মোট ১৪৮টি অভ্যন্তরীণ অডিট আপত্তি (জড়িত টাকা ৭,৭৬,৯০২/- ও খাদ্যশস্য ২৬৩.৫৩৭ মে.টন) নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৩. সিপিপির অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৪. আরআরআরসির অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে চাহিদা অনুযায়ী আরআরআরসি থেকে পুন: জবাব জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৫. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ডাটাবেইজ হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৬. মন্ত্রণালয়ের ১৩ টি অভ্যন্তরীণ এবং ১০ টি অগ্রিম অডিট আপত্তির জবাব প্রস্তুতপূর্বক হালনাগাদ তথ্যাদি অডিট অনুবিভাগে পাওয়া যায়নি। এ বিষয়ে ব্রডসিট জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। হালনাগাদকৃত সমন্বিত তথ্যাদি পাওয়া গেলে সমন্বয় ও সংসদ অনুবিভাগে প্রেরণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>৭. পিএ কমিটির নির্দেশনা মতে ময়মনসিংহের নান্দাইল উপজেলার ইজিপিপির শ্রমিক মুজুরি মাদার একাউন্ট হতে চাইল্ড একাউন্ট হস্তান্তর সংক্রান্ত আপত্তির বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পাওয়ার পর দ্রুত পিএ কমিটিতে উপস্থাপনের লক্ষ্যে অডিট অধিশাখার স্মারকনং ৩৬০ তাং ১৬/০৬/২০২২ এর মাধ্যমে মহাপরিচালক বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছিল। তবে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর এর স্মারক নং ৩২৭৯(১)/ ফাপাড/ রিপোর্ট/পিএ কমিটির বৈঠক/কার্যবিবরণী/২০১৮/২১৮৯ তারিখ ২৬/৬/২০২২ এর মাধ্যমে বলা হয়েছে যে, ৬৫তম বৈঠকের কার্যবিবরণীর অনুচ্ছেদ নং-৫.১.৭ সিদ্ধান্ত নং ১ এবং ২ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করণীয় হবে। এ ক্ষেত্রে ৪৯ তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের সুযোগ নেই মর্মে উল্লিখিত পত্রে জানানো হয়েছে। উল্লেখ্য যে, সরকারি হিসাব | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে চাহিদা অনুযায়ী আরআরআরসি থেকে পুন: জবাব জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অডিট সেল আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>৫. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ডাটাবেইজ হালনাগাদ এবং পরবর্তী সভায় ডাটাবেজ প্রদর্শন করতে হবে।<br>৬. মন্ত্রণালয়ের ১৩টি অভ্যন্তরীণ এবং ১০টি অগ্রিম অডিট আপত্তির জবাব<br>প্রস্তুত করতে হবে। হালনাগাদ তথ্যাদি অডিট অনুবিভাগে প্রদান করতে হবে। অডিট অনুবিভাগ তথ্যাদি সংগ্রহের বিষয়ে সমন্বয়ের কাজ করবে। হালনাগাদকৃত সমন্বিত তথ্যাদি/জবাব অডিট অধিদপ্তরে এবং ছক আকারে অগ্রগতির তথ্যাদি সমন্বয় ও সংসদ অনুবিভাগে প্রতিমাসে প্রেরণ করতে হবে।<br>৭. PA কমিটিতে ময়মনসিংহের নান্দাইল উপজেলার ইজিপিপির শ্রমিক মুজুরি মাদার একাউন্ট হতে চাইল্ড একাউন্ট হস্তান্তর সংক্রান্ত আপত্তির বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন PA কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে এবং নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।<br>৮.কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে এপিএর টার্গেট অনুযায়ী পরিদর্শনকালে উন্নয়ন প্রকল্প, টিআর, কাবিখা, গৃহনির্মাণ, ইজিপিপি কার্যক্রম এবং একই সাথে দ্বিপক্ষীয় অডিট আপত্তির নিষ্পত্তির সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবেন। এ লক্ষ্যে অডিট অধিশাখা হতে প্রতিক্ষেত্রে ০২ (দুই) জন অডিটর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মাঠ পর্যায়ে সহায়তা করবেন। | শরণার্থী বিষয়ক সেল/ এপিএ ফোকাল পয়েন্ট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সম্পর্কিত স্থায়ী কমিটির ৬৫তম বৈঠকের অনুচ্ছেদ নং ৫.১.৭ এর সিদ্ধান্ত নং ১-তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে নান্দাইল উপজেলার এই বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: সমস্ত টাকা আগামী ২ মাসের মধ্যে জমা করে জানানোর জন্য অনুশাসন প্রদান করা হলো মর্মে জানানো হয়। উক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪৮ তাং ১৭/৭/২০২২ এর মাধ্যমে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ৫ | গর্ভন্যান্স ইনোভেশন সংক্রান্ত | ১. ইনোভেশন হিসেবে মন্ত্রণালয় থেকে গ্রহণকৃত উদ্যোগ মেহেরপুর জেলায় পাইলটিং বেসিসে হেরিংবোন বন্ড, গ্রামীণ কাঁচা রাস্তাগুলোকে আইডি নম্বর প্রদানের কাজ সম্পন্ন হয়েছে। চলতি এবং গত অর্থবছরে সম্পাদিত ইনোভেশন কার্যক্রমের উপর কর্মশালার আয়োজন করা হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>২. ই-রিকুইজিশনের এডমিন মন্ত্রণালয়ের বাইরে থাকায় নতুন ইউজার আইডি প্রদানে সমস্যা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট সফটওয়ার কোম্পানির সাথে আলোচনাপূর্বক ই-রিকুইজিশনের এডমিনের দায়িত্ব মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দেওয়ার বিষয়ে ঐকমত্য হয় | ১. ইনোভেশন কার্যক্রম বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী যথাসময়ে তথ্যাদি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোপ দিতে হবে।<br>২. সফটওয়ার কোম্পানির সাথে আলোচনাপূর্বক ই-রিকুইজিশনের এডমিনের দায়িত্ব মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিতে হবে। সফটওয়ারে যে কোন নতুন রিকুইজিশন এর জন্য অপশন অন্তর্ভুক্তির ব্যবস্থা রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সিপিপি/ সেবা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।/ সেবা শাখা |
| ৬ | NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) | জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। আরো ভালো ফলাফল করার জন্য তৎপরতা অব্যাহত রাখতে হবে মর্মে আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। আরো ভালো ফলাফল করার জন্য তৎপরতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ/ NIS ফোকাল পয়েন্ট। |
| ৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | নতুন অর্থবছরের এপিএর যথাযথ বাস্তবায়ন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এবিষয়ে সভাপতি উদ্যোমী প্রচেষ্টা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এপিএর ১ম কোয়ার্টারের কাজ আপগ্রেড আছে মর্মে আলোচনা হয়। | ২০২২- ২০২৩ অর্থবছরের এপিএ-র লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাঃ)/ মহাপরিচালক (দুব্যঅ), পরিচালক (প্রশাসন) সিপিপি/ উপসচিব (ত্রাক-১)/ সকল ডিআরআরও এবং সকল কর্মকর্তা। |
| ৮ | মামলা সংক্রান্ত | ১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। বিচারাধীন গুরুত্বপূর্ণ | ১.বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। বিচারাধীন গুরুত্বপূর্ণ মামলার | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মামলার হালনাগাদ তথ্যাদি নিয়মিত সচিব মহোদয়কে অবহিত করা হয় মর্মে সভায় জানানো হয়।<br>২. প্যানেল আইনজীবিদের সাথে গত ০২/০৬/২০২২ তারিখে সভা করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৩. মামলা সংক্রান্ত ডাটা বেস করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br>২. প্যানেল আইনজীবিদের সাথে প্রতি ০৩ মাস অন্তর সভা করত হবে।<br>৩. মামলা সংক্রান্ত স্ট্যাটাস উল্লেখ করে মামালার ডাটাবেস আপডেট করত হবে। কনটেম্পট মামলাকে বিশেষ গুরুত্ব দিতে হবে। | অধিদপ্তর /অতিরিক্ত সচিব (আইন)/ উপ সচিব (আইন)। |
| ৯ | ওয়েবসাইট হাল নাগাদকরণ সংক্রান্ত | মন্ত্রণালয়, অধিদপ্তর, অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তর সমূহ এবং সিপিপি'র ওয়েবসাইট প্রতিসপ্তাহে হালনাগাদ করতে হবে। মনিটরিং কমিটি গঠনের তথ্য ওয়েবসাইটে থাকবে এবং সভার মাধ্যমে অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করে প্রতিবেদন সমন্বয় ও সংসদ শাখায় প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া মন্ত্রণালয়, অধিদপ্তর, অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তর সমূহের ওয়েবসাইট হালনাগাদ না পাওয়া গেলে যে সকল কর্মকর্তার নজরে আসবে তিনি মনিটরিং কমিটিকে অবহতি করার বিষয়ে সচিব মহোদয় সবাইকে অনুরোধ করেন। | ১. মন্ত্রণালয়, অধিদপ্তর, অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তর সমূহ এবং সিপিপি'র ওয়েবসাইট প্রতিসপ্তাহে হালনাগাদ করতে হবে।<br>২.মনিটরিং কমিটি গঠনের তথ্য ওয়েবসাইটে থাকবে।<br>৩. ওয়েব সাইট মনিটরিং সংক্রান্ত কমিটি নিয়মিত সভার মাধ্যমে অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করে প্রতিবেদন সমন্বয় ও সংসদ শাখায় প্রেরণ করবে।<br>৪. মন্ত্রণালয়, অধিদপ্তর, সিপিপি এবং অধিদপ্তরের মাঠ পর্যায়ের দপ্তর সমূহের ওয়েবসাইট হালনাগাদ না থাকলে যেসকল কর্মকর্তার নজরে আসবে তিনি মনিটরিং কমিটিকে অবহিত করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাঃ)/ত্রাণ প্রশাসন/সংস্থা প্রধানগণ /সংশ্লিষ্ট মনিটরিং কমিটি / আইসিটি সেল/প্রোগ্রামার দুব্যত্রাম। |
| ১০ | শূন্য পদে জনবল নিয়োগ/ পদোন্নতি | ১. ক) ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের (১ম শ্রেণির নন-ক্যাডার ও অন্যান্য) ৮টি পদের মধ্যে ৩টি পদে সুপারিশ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-কে অনুরোধ করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী-০১টি পদে প্রেষণে পদায়নের এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা-০২ টি পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে পত্রালাপ চলমান। সহকারী প্রোগ্রামার-০১ টি এবং সিনিয়র ফাইন্যান্স এন্ড একাউন্স অফিসার ০১ টি পদ পদোন্নতির মাধ্যমে পুরণযোগ্য। সহকারী প্রোগ্রামার ও সিনিয়র ফাইন্যান্স এন্ড একাউন্স পদে পদোন্নতিযোগ্য ফিডার পদধারী কর্মচারী নেই মর্মে সভায় আলোচনা হয়।<br>(খ) ১০ম গ্রেডর (২য় শ্রেণি) প্রশাসনিক কর্মকর্তার শূন্য ১টি (সরাসরি) পদে সুপারিশ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সাথে পত্রালাপ চলমান। অপর ২টি ব্যক্তিগত কর্মকর্তার পদ | ১. মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগ/পদোন্নতি কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করতে হবে।<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নিয়োগ সংক্রান্ত কাজ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | মহাপরিচালক , দুব্যঅ/ অতিরিক্ত সচিব/বাজেট (প্রশাসন)/(ত্রাণ প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। বর্তমানে পদোন্নতিযোগ্য ফিডার পদধারী কর্মচারী নেই মর্মে সভায় আলোচনা হয়।<br>(গ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১১তম থেকে ২০তম গ্রেডের (সাবেক ৩য় ও ৪র্থ শ্রেণির) বিভিন্ন পদের ২২টি শূন্য পদ রয়েছে।<br>ঘ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১৭৩টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ৯০,৯১৮ টি আবেদন পাওয়া যায়। ইতোমধ্যে বাজেট বরাদ্দ সংক্রান্ত পত্র পাওয়া গেছে মর্মে সভায় জানানো হয়। | | |
| ১১ | ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি।<br>খ) নির্বাচনী ইশতেহার -২০১৮ বাস্তবায়ন। | ১. ক) এ মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সর্বশেষ পরিদর্শনে প্রদত্ত সিদ্ধান্তের আলোকে নির্দেশনা বিষয়ে অগ্রগতির তথ্যাদি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়।<br>খ) নির্বাচনী ইশতেহার-২০১৮ এর আলোকে তথ্যাদি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়। | ১.ক) মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সর্বশেষ পরিদর্শনে প্রদত্ত সিদ্ধান্তের আলোকে নির্দেশনার বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিয়মিত প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) নির্বাচনী ইশতেহার-২০১৮ এর আলোকে তথ্যাদি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/ অতিরিক্ত সচিব (সকল) পরিচালক (প্রশাসন) সিপিপি/ ও অধিশাখার কর্মকর্তাগণ। |
| ১২. | ক) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন<br>খ) জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ | ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়।<br>চ) জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ এর সিদ্ধান্তসমূহের সর্বশেষ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়। | ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ প্রেরণ করতে হবে।<br>চ) জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ এর সিদ্ধান্তসমূহের সর্বশেষ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/ অতিরিক্ত সচিব (সকল) পরিচালক (প্রশাসন) সিপিপি/ ও অধিশাখার কর্মকর্তাগণ। |
| ১৩. | সংসদ বিষয়ক তথ্যাদি প্রেরণ | ক). সংসদ সংক্রান্ত তথ্যাদি সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের নিকট হতে পাওয়া যাচ্ছে এবং প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়।<br>খ) উপপরিচালক (প্রশাসন-১), দুব্যঅকে সংসদ বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে মর্মে জানা গিয়েছে কিন্তু কোন পত্র পাওয়া যায়নি মর্মে সভায় আলোচনা হয়। | ক) সংসদ সংক্রান্ত তথ্যাদি সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের নিকট হতে পাওয়া যাচ্ছে এবং প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ প্রেরণ করতে হবে।<br>খ) জাতীয় সংসদ সংক্রান্ত কাজে উপপরিচালক (প্রশাসন-১), দুব্যঅকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ সংক্রান্ত পত্র প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/ অতিরিক্ত সচিব (সকল) পরিচালক (প্রশাসন) সিপিপি/ ও অধিশাখার কর্মকর্তাগণ। |
| ১৪ | e-Filing কার্যক্রম সংক্রান্ত। | ১. সভাপতি e-Filing কার্যক্রম ত্বরান্বিত করার জন্য তাগিদ প্রদান করেন। এ বিষয়ে সকল অতিরিক্ত সচিবগণকে নিজ নিজ দপ্তরের কার্যক্রম e-Filing এ সম্পন্ন করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। e-Filing উদ্ভাবনী পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে | আগামী মাস থেকে e-Filing এ প্রতি শাখায় কমপক্ষে ২০% নথি নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। | সকল অনুবিভাগ প্রধান/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, উপসচিব/সি.সহ. সচিব/ সহ. সচিব। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং নম্বর প্রাপ্তির বিষয় রয়েছে। সকল উইং প্রধানগণ থেকে শাখা পর্যায়ে ই- ফাইলে নথি নিষ্পত্তির বিষয়ে মনিটরিং করার জন্য সভায় আলোচনা হয়। | | |
| ১৫ | মোহাজের সম্পত্তি | ১. মোহাজের সম্পত্তি অবৈধ দখলদারদের কবল হতে উদ্ধারের বিষয়ে টাস্কফোর্স এর কার্যক্রম এবং উদ্ধার কার্যক্রম চলমান আছে মর্মে সভায় জানানো হয়।<br>২. কোন জেলা এবং উপজেলায় কী পরিমাণ সম্পত্তি আছে তার পরিমাণ উল্লেখ করে মহাপরিচালক, দুব্যঅ থেকে যে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে তার আলোকে প্রতিটি সম্পত্তি চিহ্নিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>৩. সভায় বরিশাল জেলায় ডিডিএম এর ০৭ একর জমি চিহ্নিত হয়েছে মর্মে অবহিত করা হয়। | ১. মোহাজের সম্পত্তি অবৈধ দখলদারদের কবল হতে উদ্ধারের বিষয়ে গঠিত টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>২. কোন জেলা এবং উপজেলায় কী পরিমাণ সম্পত্তি আছে তার পরিমাণ উল্লেখ করে মহাপরিচালক, দুব্যঅ থেকে যে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে তার আলোকে প্রতিটি সম্পত্তি চিহ্নিত করে সম্পত্তি উদ্ধারের বিষয়ে পদক্ষেপ নিতে হবে। কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে ভ্রমণ কালে এ বিষয়েও কার্যক্রম গ্রহণ করবেন।<br>৩. যেসব জমি উদ্ধার করা যাচ্ছে/হচ্ছে সেখানে ডিডিএম এর কার্যক্রম গ্রহণের পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | মহাপরিচালক (দুব্যঅ)/ অতিঃসচিব (সকল) /উপসচিব আইন/ সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৬ | বিবিধ | | | |
| ক. | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ | এপিএর টার্গেট অনুযায়ী নতুন কমিটি যথাযসময়ে দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করবে। | ১.এপিএর টার্গেট অনুযায়ী নতুন কমিটি যথাযসময়ে দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করবে। প্রকাশনার মধ্যে সৃজনশীলতা থাকবে।<br>২. কমিটি গঠনের অফিস আদেশ ওয়েবসাইটে দিতে হবে। | অতিরিক্ত সচিব (ত্রাণ) ও সংশ্লিষ্ট কমিটি। |
| খ. | জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা ২০২২ | 'জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা-২০২২' এর খসড়ার কাঠামোগত পরিমার্জনের জন্য গত ৭ জুলাই, ২০২২ তারিখে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। ওয়ার্কিং পরিমার্জিত খসড়ার উপর সর্বশেষ ১২/০৯/২০২২ তারিখে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বেচ্ছাসেবা নীতিমালার খসড়া চূড়ান্ত করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা ২০২২ এর অনুমোদিত খসড়া দ্রুত পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণের ব্যবস্থা নিতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| গ. | অর্গানোগ্রাম এবং To & E হালনাগাদ করা | মন্ত্রণালয়ের অর্গানোগ্রামে শরণার্থী বিষয়ক সেলকে অন্তর্ভুক্ত করে অর্গানোগ্রাম হালনাগাদ কাজ করতে হবে | মন্ত্রণালয়ের অর্গানোগ্রামে শরণার্থী বিষয়ক সেলকে অন্তর্ভুক্ত করে অর্গানোগ্রাম এবং To & E হালনাগাদ | অতিরিক্ত সচিব (প্রশাঃ)/যুগ্ম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মর্মে সভায় আলোচনা করা হয়। মন্ত্রণালয়ের To & E হালনাগাদের কাজ চলছে মর্মে সভায় আলোচনা হয়। | করতে হবে। | সচিব (শরণার্থী সেল) |
| ঘ. | মুজিব কিল্লা ব্যবহার নির্দেশিকা | মুজিব কিল্লা ব্যবহার নির্দেশিকা অনুমোদনের জন্য ওয়ার্কশপের সুপারিশের আলোকে নির্দেশিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এটি অনুমোদিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। এটি আগামী সপ্তাহে ছাপানো কপি বিতরণ শুরু হবে মর্মে মহাপরিচালক, দুব্যঅ সভাকে অবহিত করেন। | মুজিব কিল্লা ব্যবহার নির্দেশিকা প্রিন্ট কপি শীঘ্রই মাঠ পর্যায়ে বিতরণ করে বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ /অতিরিক্ত সচিব (সকল) |
| ঙ. | আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়ন এবং আরআরআরসি অফিসের মূল্যাবান খালি জায়গা ব্যবহার নিশ্চিতকরণ | ১.আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়নের কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভায় আলোচনা হয়।<br>২. বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের স্বদেশে প্রত্যাবাসনের জন্য প্রয়োজনীয় ট্রানজিট ক্যাম্প ও যানবাহন/ নৌযান প্রস্তুতির নিমিত্ত করণীয় কার্যক্রম নির্ধারণ ও তৎপেক্ষিতে বাজেট প্রাক্কলন প্রস্তুত করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য আরআরআরসি কক্সবাজারকে পত্র দেয়া হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>৩. কক্সবাজার জেলায় আর আর আর সি অফিসের মূল্যবান খালি জায়গা এবং ভাসানচরে আর আর আর সি অফিসের জন্য প্রস্তাবিত জায়গা যথাযথ ব্যবহারে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>৪. ওয়্যারলেস সিস্টেম আরআরআরসি অফিসে চালু করার লক্ষ্যে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আরআরআরসি থেকে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১.আরআরআরসি অফিসে কর্মকর্তা পদায়নের কার্যক্রম অব্যাহত রাখার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।<br>২. রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য ৩টি ট্রানজিট ক্যাম্প প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩. (ক) আরআরআরসি অফিসের মূল্যবান খালি জায়গা ও ভাসানচরের প্রস্তাবিত জায়গা যথাযথভাবে ব্যবহারের বিষয়ে ডিডিএম থেকে দ্রুত প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(খ) আরআরআরসি থেকেও প্রকল্প প্রস্তাব দেয়া যেতে পারে।<br>৪. ওয়্যারলেস সিস্টেম আরআরআরসি অফিসে চালু করার লক্ষ্যে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আরআরআরসি থেকে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ডিডিএম/অতিরিক্ত সচিব (প্রশাসন)/ প্রধান, শরণার্থী প্রত্যাবাসন কমিশনার শরণার্থী সেল। |
| চ. | কর্মকর্তাদের বিদেশ ভ্রমন বিষয়ে সুপারিশের নিমিত্তে কমিটি গঠন। | কর্মকর্তাদের বিদেশ ভ্রমন বিষয়ে সুপারিশের নিমিত্তে কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | বিদেশ ভ্রমণ বিষয়ে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে একজন অতিরিক্ত সচিবের সভাপতিত্বে প্রশিক্ষণ অনুবিভাগ থেকে কমিটি গঠনের প্রস্তাব উপস্থাপন করে অনুমোদন গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশিঃ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৯/২০২২

(মোঃ কামরুল হাসান *এনডিসি*)
সচিব